



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ
বায়তুল মুকাররম, ঢাকা-১০০০।

আন্তর্জাতিক হিফয প্রতিযোগিতা (মহিলা) দুবাই-২০২০

আগামী ০২ থেকে ০৯ নভেম্বর ২০২০ খ্রি. সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে অনুষ্ঠিতব্য শেখ ফাতিমা বিনতে মোবারক ৫ম আন্তর্জাতিক হিফজুল কুরআন প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে বাংলাদেশি মহিলা নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| প্রতিযোগিতার বিষয় | ০২.১১.২০২০ খ্রি. তারিখে বয়স | নির্বাচনী পরীক্ষার তারিখ ও সময় | স্থান |
|-------------------------------------|------------------------------|--------------------------------------|--|
| তাজবীদসহ পূর্ণ কুরআন হিফয (৩০ পারা) | অনূর্ধ্ব ২৫ বছর | ০২.০৯.২০২০ খ্রি. বুধবার সকাল ১০.০০টা | দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মুকাররম, ঢাকা। |

শর্তাবলী :

- প্রার্থীকে ২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি, জন্মনিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের অনুলিপি, শিক্ষাগত যোগ্যতার সনদ এবং জীবনবৃত্তান্তসহ সাদা কাগজে লিখিত/টাইপকৃত আবেদন আগামী ৩১/০৮/২০২০ খ্রি. তারিখ সোমবার বিকাল ৫.০০ টার মধ্যে ডাকযোগে, deenydawha@gmail.com মেইলে অথবা সরাসরি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌছাতে হবে।
- যে কোন তফসিলি ব্যাংক হতে 'ইসলামিক ফাউন্ডেশন' শিরোনামে ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) দরখাস্তের সাথে অবশ্যই সংযোজন করতে হবে।
- নির্বাচিত প্রার্থীকে পরবর্তী ২ (দুই) দিনের মধ্যে আন্তর্জাতিক পাসপোর্ট (MRP) ও প্রয়োজনীয় কাগজপত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে।
- নির্বাচনী পরীক্ষায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- কর্তৃপক্ষ নির্বাচনী পরীক্ষার তারিখ পরিবর্তন এবং অসম্পূর্ণ দরখাস্ত বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

মো : আনিছুর রহমান সরকার

পরিচালক (চ. দা.)

দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ

ফোন : ০২-৯৫৫৯৪৯৩

মেইল : deenydawha@gmail.com